

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
(ত্রাণ কর্মসূচি-২ শাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

স্মারক নং ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.২২(অংশ-২).২৮

তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০২৩খ্রিঃ/১৫ ফাল্গুন ১৪২৯বং

**বিষয়: চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় বরাদ্দ প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে চলতি ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ঢাকা জেলার সাতার উপজেলার উল্লেখিত প্রকল্পের পার্শ্বে বর্ণিত হারে মোট ২,০২,১৫,৮৫৯/- (দুই কোটি দুই লক্ষ পনের হাজার আটশত উনষাট) টাকা নিম্নবর্ণিত শর্তে বরাদ্দ প্রদানের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর অনুকূলে নির্দেশক্রমে বরাদ্দ/ছাড় করা হলো। এ ব্যয় বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ হতে মিটানোর জন্য অনুরোধ করা হলো।

ক্রম	জেলা, উপজেলা	ইউনিয়ন	প্রকল্পের নাম	বরাদ্দকৃত (টাকা)
১	ঢাকা, সাতার	পাথালিয়া	পাথালিয়া হতে কুরগাঁও সোহাগ মেম্বার এর বাড়ি ভায়া চারিগ্রাম হতে চারিগ্রাম পশ্চিমপাড়া সালামের বাড়ি পর্যন্ত রাস্তা পুনঃনির্মাণ	৩৩,৬৪,৫০০/-
২		ধামসোনা	ধামসোনা ব্রীজ হতে ধামসোনা বাজার পর্যন্ত রাস্তা মাটি দ্বারা নির্মাণ	৩৮,৭৮,৪৬৩/-
৩			গুবন্দী কালারটেক সাতার মাস্টারের বাড়ি হতে নরু উদ্দিন দেওয়ানের জমি পর্যন্ত রাস্তা মাটি দ্বারা নির্মাণ	৫২,৬৯,৪৫২/-
৪			ধামসোনা বাজার হতে মাইঝাইল সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা মাটি দ্বারা নির্মাণ	৩৭,৩৫,৩৩৫/-
৫			উনাইল শাহজাহানের বাড়ি হতে শাহাবুদ্দিনের বাড়ি পর্যন্ত রাস্তা মাটি দ্বারা ভরাত	৩৯,৬৮,১১০/-
<b>সর্বমোটঃ (দুই কোটি দুই লক্ষ পনের হাজার আটশত উনষাট) টাকা</b>				<b>২,০২,১৫,৮৫৯/-</b>

**শর্তসমূহঃ**

- (১) এই প্রকল্পের টাকা উত্তোলন ও বাস্তবায়নের সর্বশেষ সময় ৩০/০৬/২০২৩ খ্রি।
- (২) সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে;
- (৩) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত “গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-খাদ্যস্যা/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা” ২০২১ অনুসারে সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং এ মন্ত্রণালয় ও অধিদপ্তর বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- (৪) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৫) বাস্তবায়নধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
- (৬) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৭) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনতে হবে;
- (৮) কোন প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সরকারী কোষাগারে ফেরৎ প্রদান করতে হবে;
- (৯) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(কে, এম আনিছুল ইসলাম)  
সহকারী সচিব (ত্রাক-২)  
ফোন নং ৫৫১০০৯১২

**মহাপরিচালক**

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১৬

স্মারক নং ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.২২(অংশ-২).২৮/১(৬)

তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০২৩খ্রিঃ/১৫ ফাল্গুন ১৪২৯ বং

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
- ৬। অতি: সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(কে,এম আনিছুল ইসলাম)  
সহকারী সচিব (ত্রাক-২)